



৬ জুন, ২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সংক্রান্ত

২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও স্নাতক (পাস) কোর্সের ভর্তিকৃত যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ঘোষিত নির্ধারিত সময়ে (১৬/০৫/২০১৮ পর্যন্ত) ভর্তি বাতিলের আবেদন করেছে এবং সে মতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে সব শিক্ষার্থীদের ভর্তি বাতিলের চিঠি প্রেরণ করেছে কিন্তু অদ্যাবধি ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) কোর্সের রেজিস্ট্রেশন কার্ড পায়নি, তাদের আগামী ১০/০৬/২০১৮ তারিখের মধ্যে পর্যায়ক্রমে স্ব স্ব কলেজ থেকে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) কোর্সের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে বলা হলো। নতুন করে তাদের আর আবেদন করতে হবে না।

এতদসঙ্গে জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী বিশ্ববিদ্যালয় কর্তৃক ধার্যকৃত জরিমানা সোনালী সেবায় জমা দিয়ে 'দ্বৈত ভর্তি' বাতিলের জন্য ইতোমধ্যে আবেদন করেছে, তাদের রেজিস্ট্রেশন কার্ডও একই প্রক্রিয়ায় পর্যায়ক্রমে স্ব স্ব কলেজে প্রেরণ করা হবে।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়